অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী নতুন ক্যাম্পেইন ঘোষণা করলেন যা নিউ ইয়র্কবাসীকে একটি অপরাধের পর ভিকটিম, ভুক্তভোগী এবং তাদের পরিবারের জন্য অতি গুরুত্বপূর্ণ সেবা সম্পর্কে অবগত করবে

নিউ ইয়র্ক স্টেট ভিকটিম সেবা অফিসের সচেতনতা প্রয়াস স্টেটব্যাপী ভিকটিম সহায়তা কর্মসূচিসমূহ থেকে উপলভ্য সমর্থন ও সেবার ব্যাপক ব্যাপ্তির উপর আলোকপাত করে এবং অপরাধের ফলে হওয়া ব্যয়ের ব্যাপারে আর্থিক সাহায্য পাওয়ার সুযোগ প্রদান করে

এছাড়াও আজকে, 7 আগস্ট, শুরু হতে যাওয়া বারো সপ্তাহের ক্যাম্পেইনের উদ্দেশ্য গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের কাছে পৌঁছানো যারা বর্ধিত ঘৃণা অপরাধের ঘটনা দ্বারা প্রভাবিত হয়: কৃষ্ণাঙ্গ, এশিয়ান, ইহুদি এবং LGBTQ+ ব্যক্তি

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একটি অপরাধের পর নিউ ইয়র্কবাসীকে ভিকটিম, ভুক্তভোগী ও তাদের পরিবারের জন্য উপলভ্য অতি গুরুত্বপূর্ণ সেবা সম্পর্কে অবগত কোনও একটি নতুন স্টেটব্যাপী ক্যাম্পেইন হতে যাচ্ছে। ভিকটিম সেবা অফিসের (Office of Victim Services, OVS) অর্থায়িত সচেতনতা প্রয়াসটি স্টেটব্যাপী ভিকটিম সহায়তা কর্মসূচিসমূহ থেকে উপলভ্য সমর্থন ও সেবার ব্যাপক ব্যাপ্তির উপর আলোকপাত করে এবং অপরাধের ফলে হওয়া ব্যয়ের ব্যাপারে আর্থিক সাহায্য পাওয়ার সুযোগ প্রদান করে। এছাড়াও আজকে, 7 আগস্ট, শুরু হতে যাওয়া বারো সপ্তাহের ক্যাম্পেইনের উদ্দেশ্য গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের কাছে পৌঁছানো যারা বর্ধিত ঘৃণা অপরাধের ঘটনা দ্বারা প্রভাবিত হয়: কৃষ্ণাঙ্গ, এশিয়ান, ইহুদি এবং লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার+ (LGBTQ+) ব্যক্তি

"আমাদের স্টেটে বাস করা, কাজ করা বা বেড়াতে আসা কোনও ব্যক্তি যদি একটি অপরাধের শিকার হয় তাহলে তার জন্য অনেক ধরনের সংস্থান উপলভ্য আছে, কিন্তু ব্যক্তি বা পরিবার যদি এর অস্তিত্ব সম্পর্কে না জানে বা এগুলি পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তাহলে এই সেবার কোনও অর্থ নেই," **গভর্নর হোকল বলেন।** "আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য কাজ করি, এবং তার মধ্যে সবথেকে বেশি প্রয়োজনের সময় তাদের সাথে থাকা অন্তর্ভুক্ত। ভিকটিম সেবা অফিস যে কাজ করেছে তা নিয়ে আমি গর্বিত, এবং যাদের এর প্রয়োজন হবে তারা যাতে ঠিক কীভাবে এটি পাওয়া সম্ভব তা জানতে পারে সেজন্য সেই কাজ প্রসারিত করতে পেরে আমি গর্বিত।"

“নিউ ইয়র্কে সাহায্য উপলভ্য আছে এবং একটি অপরাধের ভুক্তভোগীর জন্য সমর্থন সেবা যাতে বিনামূল্যে হওয়ার পাশাপাশি সহজলভ্য হয় আমরা তা নিশ্চিত করছি,” **লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো বলেন।** “নিউ ইয়র্কে আমরা সর্বদা ভুক্তভোগীদের পাশে থাকবো এবং তারা যাতে তাদের নিরাময় প্রক্রিয়া শুরু করার সময় তাদের জন্য উপলভ্য সংস্থান সম্পর্কে সম্পূর্ণ অবগত থাকে আমরা তা নিশ্চিত করবো।”

স্টেটব্যাপী ক্যাম্পেইনটি 29 অক্টোবর পর্যন্ত চলবে এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, ইউটিউব; গুগল অনুসন্ধান; আইহার্ট স্ট্রিমিং এবং রেডিও; স্থানীয় ব্যবসায় ডিসপ্লে বিজ্ঞাপন; এবং কৃষ্ণাঙ্গ, ইহুদি, এশিয়ান এবং LGBTQ+ সম্প্রদায়ের জন্য কাজ করে এমন প্ল্যাটফর্ম ব্যবহার করবে। “সূর্যোদয় (Sunrise)” থিমের এই ক্যাম্পেইনটির মনোযোগ হবে আশা এবং সামনে ইজি চলা, এবং একটি অপরাধের পর ব্যক্তি ও তাদের প্রিয়জনকে সাহায্য করতে পারে এমন সেবা ও সমর্থনের সহজলভ্যতা।

নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম সেবা অফিসের পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, “ভিকটিম এবং ভুক্তভোগীদের জন্য সেবা, সমর্থন ও আর্থিক সহায়তার উপলভ্যতা নিশ্চিত করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট দীর্ঘদিন ধরেই শীর্ষে আছে। তবে, অপরাধের তাৎক্ষণিক পরে সাহায্য খুঁজে বের করা বিভ্রান্তিকর ও কঠিন হতে পারে। সঙ্কটের সম্মুখীন হওয়ার পূর্বেই আমরা সকল নিউ ইয়র্কবাসীকে তাদের জন্য উপলভ্য অমূল্য সহায়তা সম্পর্কে শিক্ষিত করতে চাই। আমাদের কাজের ব্যাপারে গভর্নর হোকলের চলমান সমর্থন এবং অংশীদারিত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, যা ব্যক্তি, পরিবার, এবং সম্প্রদায়ের জন্য পার্থক্য তৈরি করে দিচ্ছে।”

ভিকটিম সেবা অফিস পুরো স্টেটে 239টি সম্প্রদায়ভিত্তিক কর্মসূচির অর্থায়ন ও সমর্থন করে যারা ভিকটিম, ভুক্তভোগী, প্রিয়জন ও সম্প্রদায়কে সঙ্কট কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, সিভিল আইনি সাহায্য, এবং স্থানান্তর সহায়তা ইত্যাদি সহায়তার মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করে। এইসব কর্মসূচিগুলি বিনামূল্যে এবং ব্যক্তি এই অপরাধটির ব্যাপারে পুলিশে অভিযোগ করেছে কিনা তা নির্বিশেষে সেবাদান করে। অ্যাডভোকেট এবং সেবাদানকারীরা এছাড়াও ব্যক্তিদেরকে অপরাধের কারণে তাদের যে ব্যয় হয়েছে তার ক্ষতিপূরণ বা ব্যয়পূরণের জন্য দাবি দায়ের করতে সাহায্য করবে। 80 শতাংশের বেশি দাবি OVS অর্থায়িত কর্মসূচির মাধ্যমে জমাদান করা হয়।

ফেডারেল অপরাধের ভিকটিম আইনের (Federal Victims of Crime Act) মাধ্যমে সচেতনতা ক্যাম্পেইনের জন্য তহবিল প্রদান করা হবে এবং অপরাধ সহায়তা কর্মসূচি বা ক্ষতিপূরণ ও ব্যয়পূরণের তহবিলের উপর এর কোনও প্রভাব নেই। এজেন্সি এই ক্যাম্পেইনের ফলাফল মূল্যায়ন করে দেখবে এবং ভবিষ্যতের আউটরিচ এবং সচেতনতা প্রয়াসকে অবগত করার জন্য সেইসব মেট্রিক ব্যবহার করবে।

সেবা পাওয়ার সুযোগ উন্নত ও বৃদ্ধি করা; আর্থিক সহায়তা পাওয়ার যোগ্যতা সম্প্রসারণ করা; এবং পেশাদার প্রশিক্ষণ ও কারিগরি সহায়তার মাধ্যমে সেবাদানকারীদের ধারণক্ষমতা বৃদ্ধি করতে ভিকটিম সেবা অফিস যে উল্লেখযোগ্য কাজ করেছে ক্যাম্পেইনটি তার অনুবর্তী। পাশাপাশি, এজেন্সিটি সেবার ঘাটতি, ভিকটিম এবং ভুক্তভোগীদের স্বল্প ও দীর্ঘমেয়াদি চাহিদা

উপলব্ধি করার জন্য, এবং ব্যক্তি, প্রিয়জন ও তাদের সম্প্রদায়সমূহকে সহায়তাকারী কর্মসূচির উন্নয়নকে অবগত করার জন্য একটি সার্বিক প্রয়োজন মূল্যায়ন করতে স্টেট সরকারসমূহের ন্যায়বিচার কেন্দ্রের পরিষদের (Council of State Governments Justice Center) সাথে অংশীদারিত্ব করেছে।

সাম্প্রতিক বছরগুলিতে, OVS যা করেছে:

- OVS রিসোর্স কানেক্ট (OVS Resource Connect) শুরু করেছে, এটি একটি অনলাইন প্ল্যাটফর্ম যা ব্যক্তিদেরকে একটি বিশেষ উদ্বেগ বা চাহিদার জন্য জিপ কোড অনুযায়ী সমর্থন খুঁজতে সাধারণ ভাষা ব্যবহার করতে এবং সাহায্য ও সংস্থান খুঁজতে দেয়।OVS রিসোর্স এরপর কর্মসূচির একটি তালিকা প্রদান করে যা তাদের চাহিদা পূরণের জন্য সেবাদান করতে পারে।
- বিভিন্ন বিধিমালা অগ্রসর ও সমর্থন করেছে যার প্রণয়নের ফলে ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ ও যোগ্যতা সম্প্রসারিত হয়েছে, যেমন ঘৃণা অপরাধ, একটি অন্তরঙ্গ ছবির অবৈধ প্রচার ও প্রকাশ, এবং ফার্স্ট ডিগ্রি ও সেকেন্ড ডিগ্রি বেপরোয়া বিপদের শিকার হওয়া ভিকটিমদের, যদি তারা আহত না হয় তাহলেও তাদের হারানো উপার্জন, অপরাধের ঘটনা পরিষ্কার করার ব্যয়, কাউন্সেলিং এবং বীমার আওতা বহির্ভূত অন্যান্য ব্যয়ের জন্য ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ।
- অত্যাবশ্যকীয় ব্যক্তিগত সম্পত্তি হারানোর জন্য ক্ষতিপূরণ 500 মার্কিন ডলার থেকে 2,500 মার্কিন ডলারে বর্ধিত করা; অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয়ের জন্য জরুরি অর্থদান 3,000 মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি করা; এবং ঘৃণা অপরাধের শিকার হয়েছে কিন্তু শারীরিকভাবে আহত হয়নি এমন ভিকটিমদের জন্য ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা হয়েছে।
- লাইসেন্সধারী সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপকদেরকে বন্দুক সহিংসতা ও অন্যান্য অপরাধ দ্বারা সর্বাধিক আক্রান্ত সম্প্রদায়সমূহে স্নাগ স্ট্রিট আউটরিচ কর্মসূচিসমূহে নিযুক্ত করার জন্য স্টেটের অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) সাথে অংশীদারিত্ব করেছে। উদ্যোগটি OVS কে এমন ব্যক্তিদের কাছে পৌঁছাতে দিয়েছে যারা অতীতে সেবা ও সমর্থনের সন্ধান করা সম্পর্কে অবগত ছিলো না বা অনিচ্ছুক ছিলো। অংশীদারিত্বটি 2020 সালে শুরু হয় যখন সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপকেরা প্রতি কোয়ার্টারে গড়ে 275 জন ব্যক্তিকে সহায়তা করে। গত বছর, এইসব পেশাদারগণ প্রতি কোয়ার্টারে গড়ে 733 ব্যক্তিকে সাহায্য করেছে,টি যাদের কাউন্সেলিং এবং আবেগিক সমর্থন প্রদান করেছে, নিরাপদ আবাসনে যাওয়ার সুযোগ পেতে সাহায্য করেছে, এবং অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয়সহ অপরাধ সম্পর্কিত ব্যয়ের ক্ষতিপূরণের জন্য আবেদন করতে সাহায্য করেছে।
- বন্দুক সহিংসতার দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত এলাকাগুলির সাথে কাজ করা সম্প্রদায়ভিত্তিক কর্মসূচিগুলির জন্য দুই বছরের জন্য 6.3 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করেছে।

ভিকটিম সেবা অফিস স্টেটব্যাপী ভিকটিম সহায়তা কর্মসূচির একটি নেটওয়ার্ককে অর্থায়িত ও সমর্থন করে এবং একটি অপরাধ সম্পর্কিত ব্যয় করতে হচ্ছে কিন্তু তা পরিশোধ করার অন্য কোনও সংস্থান নেই এমন ব্যক্তিদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ আর্থিক সেফটি নেট প্রদান

করে। এজেন্সি উপযুক্ত অপরাধের শিকার ব্যক্তিদের অন্যান্য সহায়তার পাশাপাশি আর্থিক সহায়তা এবং চিকিৎসা ও কাউন্সেলিং খরচ, অন্ত্যেষ্টিক্রিয়া এবং কবর দেওয়ার খরচ, হারানো বেতন এবং সমর্থনের ক্ষতিপূরণ প্রদান করে। নিউ ইয়র্ক হলো দেশের একমাত্র স্টেট যেখানে মেডিকেল এবং কাউন্সেলিং ব্যয়ে কোনও সীমা নেই, অর্থাৎ ব্যক্তিরা যতদিন প্রয়োজন সহায়তা পেতে পারবে। ভিকটিম সেবা অফিসকে টুইটার ও ফেসবুকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন